



সেভ দ্যা হিউম্যানিটি-বাংলাদেশ

SAVE THE HUMANITY -BANGLADESH

গভঃ রেজিঃ নং- চাঁদ/৬৫৭

প্রধান কার্যালয়: ১৫৪/৬, রামপুরা আবাসিক এলাকা, ঢাকা- ১০০০

www.sth.org.bd

Official Page: Save The Humanity Bangladesh

E-mail: mostafizrahman50@yahoo.com

যোগাযোগ : +৮৮০১৭১২-২২৪৬৯৮

সূত্র : সেভ/অধি/চট্ট/৫০০৫/২৫

তারিখ: ২৭/১০/২০২৫ইং

চট্টগ্রাম বিভাগীয় কমিটি অনুমোদন প্রসঙ্গে

সেভ দ্যা হিউম্যানিটি সংস্থার চট্টগ্রাম বিভাগীয় কমিটির সভাপতি জনাব মোঃ ওসমান গনি এর আবেদনের পরিপ্রেক্ষিতে ৩০ সদস্য বিশিষ্ট চট্টগ্রাম বিভাগীয় কমিটির সভাপতি জনাব ওসমান গনি ও সাধারণ সম্পাদক মোঃ মাহবুবুর রহমান । উক্ত কমিটি ০১/০১/২০২৪ইং হইতে ০১/০৬/২০২৬ইং পর্যন্ত নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে অনুমোদন প্রদান করা হলো ।

শর্তসমূহ

- ০১। চট্টগ্রাম বিভাগীয় কমিটি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সেভ দ্যা হিউম্যানিটি কেন্দ্রীয় নির্বাহী পরিষদের নিকট দায়বদ্ধ থাকিবে।
- ০২। অর্থ সকল অনর্থের মূল। সেহেতু সংস্থার অনুমোদিত কমিটি বাংলাদেশ সরকার অনুমোদিত ব্যাংকে সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ বিষয়ক সম্পাদকের সমন্বয়ে ব্যাংক হিসাব পরিচালনা করবে। আয়-ব্যয় হিসাবের ক্ষেত্রে সম্পূর্ণ স্বচ্ছতা থাকতে হবে। সকল আয়-ব্যয়ের ক্ষেত্রে রসিদ নম্বর ব্যবহার করতে হবে। রসিদ প্রদান ব্যতিরেকে কোন প্রকার লেনদেন গ্রহণযোগ্য হবে না।
- ০৩। উক্ত চট্টগ্রাম বিভাগীয় কমিটি কর্তৃক চট্টগ্রাম জেলায় কতজন গরীব, দুঃস্থ ও অসহায় মানুষ উপকার পেল প্রতি ৩ মাস অন্তর অন্তর তার প্রতিবেদন কেন্দ্রে প্রেরণ করতে হবে। এছাড়াও উক্ত জেলা কমিটি তাদের সামগ্রিক কার্যক্রমের উপর প্রতিবেদন নিয়মিত কেন্দ্রে প্রেরণ করবে।
- ০৪। সংস্থার কোন সদস্য কর্তৃক মানবাধিকার লংঘনের অভিযোগ পাওয়া গেলে সদস্য পদ বাতিল করা হবে। এছাড়াও একাধিক সদস্যগণ সম্মিলিতভাবে মানবাধিকার লংঘন, উৎকোচ গ্রহণ, মানুষকে হয়রানী, নিপীড়ন ইত্যাদি নেতিবাচক কাজের সঙ্গে জড়িত প্রমাণ পাওয়া গেলে কেন্দ্র কমিটি বাতিল, কার্যক্রম স্থগিতের যেকোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে।
- ০৫। সংস্থা কর্তৃক যেকোন কমিটি মেয়াদ ১ বৎসর। কার্যক্রম সন্তোষজনক হলে সংস্থার অনুমোদন সাপেক্ষে মেয়াদ বাড়ানো যেতে পারে।
- ০৬। চট্টগ্রাম বিভাগীয় কমিটি অফিস/ সাইনবোর্ড স্থাপন করে সুনির্দিষ্টভাবে সংস্থার কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ০৭। মাসিক সভা নিয়মিত করতে হবে। সভার সিদ্ধান্ত ও বিবরণী বিভাগীয় সভাপতির বরাবরে পাঠাতে হবে।
- ০৮। সদস্য চাঁদা মাসিক ভিত্তিতে আদায় করে তা সংস্থার ব্যাংক হিসাবে জমা করতে হবে।
- ০৯। আইনগত যেকোন বিষয়ে সিদ্ধান্ত চেয়ে বিভাগীয় সভাপতির অনুমোদন নিতে হবে। তিনি সিদ্ধান্ত দিতে না পারলে কেন্দ্রীয় চেয়ারম্যান বরাবরে তিনি সিদ্ধান্ত চেয়ে পত্র দিয়ে অনুমোদন নিয়ে তা জেলা কমিটিতে অনুমোদন দিবেন। অথবা বাতিল যোগ্য হলে বাতিল করে দিবেন।
- ১০। মানুষের অধিকার রক্ষার কাজ করার সময় নিজেকে রক্ষা এবং নিঃস্বার্থ চিন্তা মাথায় রাখতে হবে। যেকোন কল্যাণকর সামাজিক কার্যক্রম গ্রহণ করার পূর্বে বিভাগীয় সভাপতির সাথে পরামর্শ করতে হবে। তিনি চেয়ারম্যান এর পরামর্শ গ্রহণ করবেন।
- ১১। উল্লিখিত শর্তাবলী পরিপালনে ব্যর্থ হলে কমিটির অনুমোদন বাতিল করা হবে।
- ১২। কোন সদস্যের কাজে অসততার প্রমাণ পেলে আইডি কার্ড বাতিল করা সহ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এম. রহমান

মোঃ মোস্তাফিজুর রহমান

চেয়ারম্যান

সেভ দ্যা হিউম্যানিটি-বাংলাদেশ।